ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১০১২

সোনামুড়া, ৩ জুন, ২০২৫

**সোনাইছড়ি নদীর উপর স্টীল ফুট ব্রীজ সংস্কার**

পঞ্চদশ অর্থকমিশনের বরাদ্দকৃত অর্থে গত অর্থবছরে কাঁঠালিয়া ব্লকের মনারচক গ্রামপঞ্চায়েত এলাকায় বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে। ইন্দুরিয়ায় সোনাইছড়ি নদীর উপর স্টীল ফুট ব্রীজ সংস্কার করা হয়েছে। ব্যয় হয়েছে ৮৮ হাজার ৩৪২ টাকা। তারাপুকুর অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ১৮ হাজার ৩২২ টাকা ব্যয় করে পানীয় জলের পাইপ লাইন সম্প্রসারণ করা হয়েছে। এই অঙ্গনওয়াড়ি কেন্দ্রে একটি নতুন শৌচালয় তৈরি করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৬৮ হাজার ৬৩২ টাকা। প্রমোদ কলোনী অঙ্গনওয়াড়ি কেন্দ্রে ৫২ হাজার টাকা ব্যয় করে নতুন শৌচালয় তৈরি করা হয়েছে। কদমতলা শান্তিনগরে নতুন ওয়াটার ট্যাংক তৈরি করা হয়েছে যার জন্য ব্যয় হয়েছে ৯৪ হাজার ৭৩ টাকা। মনারচক গ্রামপঞ্চায়েতের উপস্বাস্থ্য কেন্দ্র এবং ধনুপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের জলের সুবিধার উন্নতিতে ধনপুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের মাধ্যমে ৫০ হাজার টাকা ব্যয় করা হয়েছে। এই গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন অঙ্গনওয়াড়ি কেন্দ্রের জলের সুবিধার উন্নতি সাধনে সিডিপিও’র মাধ্যমে ৭৫ হাজার টাকা ব্যয় করা হয়েছে। এই গ্রামপঞ্চায়েতের বিভিন্ন বিদ্যালয়ের স্যানিটেশনের উন্নতি সাধনে শিক্ষা দপ্তরের মাধ্যমে ৮০ হাজার টাকা ব্যয় করা হয়েছে।

******